

# ভর্তি পরীক্ষা : টিচারদের বাড়তি ইনকাম সোর্স

আদান মনোয়ার হুসাইন জাবি

জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটির অ্যাডমিশন টেস্ট সেশন জ্যাকসের অন্যতম কারণ। লিখিত পদ্ধতির অ্যাডমিশন টেস্ট ইউনিভার্সিটিগুলোর মধ্যে একমাত্র জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটির সময় ও পরিশ্রম যেমন বেশি তেমনি দুর্নীতিরও রয়েছে অফুরন্ত সুযোগ। এ পদ্ধতির পরিবর্তনে বাধা হয়ে দাঁড়িয়েছেন শিক্ষকরা। কেননা এ পদ্ধতিতেই ভর্তি বছর জনপ্রতি বিশাল অঙ্কের ইনকাম করছেন শিক্ষকরা। প্রতিষ্ঠানের পর থেকেই জাবি প্রথম বর্ষ অ্যাডমিশন টেস্ট লিখিতভাবে হয়ে আসছে। একটি ইউনিটে একজন শিক্ষার্থী চারটি বিষয়ে পরীক্ষা নিতে পারেন। বর্তমান পদ্ধতি অনুসারে তাকে প্রতি বিষয়েই আগামভাবে ১০০ নাম্বারের লিখিত পরীক্ষা নিতে হয়।

প্রথমদিকে এক ইউনিটতুক্ত বিষয়গুলোর পরীক্ষা এক সপ্তেই হতো, যাতে সময় লাগতো চার ঘণ্টা। এখন তিনটি বিষয়ের পরীক্ষা নিতে সময় লাগছে ছয় ঘণ্টা। পরীক্ষার্থী বেশি হওয়াতে একেক বিষয়ের একাধিক শিক্ষার্থী পরীক্ষা নিতে হচ্ছে। এতে একদিনে সর্বোচ্চ তিনটি পরীক্ষা নেয়া সম্ভব হয়।

ইউনিভার্সিটির বর্তমান ২৬টি বিভাগে পরীক্ষার্থী প্রায় ৭০ হাজার। ফলে ভর্তি পরীক্ষার সময় লাগছে ১১ দিন। যদিও কর্তৃপক্ষ সময় নির্ধারণ করেছিল ১৯ দিন।

অ্যাডমিশন টেস্টকে সামনে রেখে শিক্ষকদের নিয়েই জাবিতে সাতাশি বেশি কমিটি করা হয়। জিসির সভাপতিত্বে গঠন করা হয় কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি ও কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটি। একশোয় সন্তুষ্ট থাকেন সব ডিন, বিভাগীয় প্রধান, পরীক্ষা নিয়ন্ত্রক, রেকর্ডার, এডিশনাল রেকর্ডার, প্রজেক্ট ও কয়েকজন অফিস প্রধান। ডিনের নেতৃত্বে করা হয় ইউনিট কমিটি বিভাগে করা হয় বিভাগীয় কমিটি। এরপর রয়েছে ক্রয় কমিটি, প্রিন্টিং কমিটি ও শুল্কলা কমিটি যার প্রতিটিতে ছয় থেকে আটজন করে সদস্য থাকেন।

পরীক্ষার ডিউটি বাবদ প্রতি ঘণ্টা ৫০০ টাকা সম্মানী পেয়ে থাকেন

একেকজন শিক্ষক। চাইলে একজন শিক্ষক দিনের পাচটি নিফটেই এবং ১১ দিনই ডিউটি করতে পারেন। সে হিসাবে একজন শিক্ষক প্রতিদিন আড়াই হাজার টাকা এবং গোটা অ্যাডমিশন টেস্টে ডিউটি বাবদ কমপক্ষে ৩০ হাজার টাকা ইনকাম করছেন। এছাড়া উত্তরপত্র, কোর্সিং, ডিকোডিং বাবদ রয়েছে একটি সম্মানী। আপ্যায়ন বাবদ প্রতিটি কমিটি পায় ৫ থেকে ১০ হাজার টাকা। ব্যাচ দেবার পান প্রতি ব্যাচ ১২ থেকে ১৫ টাকা। এ সম্মানীর কোনোটােই নির্ধারিত নয়। ফরম বিক্রি বাবদ আয় হয় যার ওপর নির্ভর করে কোন সম্মানী হতো হবে।



## জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি

### অ্যাডমিশন টেস্টের অজানা কাহিনী



আর এ মেন-বরবার সাধারণত করে থাকে শিক্ষক সমিতি। পরীক্ষা কমিটির সভাপতি পান ১,৫০০ টাকা এবং সদস্যরা ১,০০০ টাকা। অ্যাডমিশন টেস্ট তাদের জন্য একটি বিশাল ইনকাম সোর্স। আর এ সুযোগ যতহ্যাড়া করতে চান না কোনো শিক্ষকই। তাদের মধ্যে যতো দলদলি, বিডেন থাকুক, এই এক ইসুতে তারা সবাই একতাবদ্ধ। গোষ্ঠীয় সুযোগ কাজে লাগাতে সারা বছর বিভাগে দেবা যায় না এমন অনেক শিক্ষক এ সময় মাত্রাতিরিক্ত সিরিয়াস হয়ে ওঠেন।

ভর্তি প্রক্রিয়ায় প্রতিবারই নানা দুর্নীতি হলেও প্রশাসন কখনোই তা বন্ধে উদ্যোগী হয় না। প্রশ্ন ফাস, ওয়েটিং লিস্টে জালিয়াতি, কেটায় ভর্তিতে জালিয়াতি প্রচলিত আরেক ইনকাম সোর্স। ২০০৪-০৫ সেশনে অর্থনীতি বিভাগের শিক্ষক জামির হোসেনের মাঝে-ডায়ে কেলেঙ্কারী, প্রাণিকিয়া বিভাগের শিক্ষক আব্দুল্লাহকে হাকির দুর্নীতির ঘটনা ফাইলবন্দি করে রেখেছে প্রশাসন। জাহাঙ্গীরনগর আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের একজন শিক্ষকের নামে প্রতি বছরই এমন গল্প উঠলেও তা খতিয়ে দেখেনি প্রশাসন।

এসব বিষয় নিয়ে নাড়াচাড়া করলে শিক্ষক রাজনীতি সরগরম হয়ে উঠবে, ইউনিভার্সিটির বদনাম হবে এ ভয়েই চুপ থাকছেন সবাই। প্রতি বছর ভর্তি পরীক্ষার আগেই গোয়েন্দাসহ আইন-শুল্কলা রক্ষাকারী বাহিনীর কাছে এসব বিষয়ে সহযোগিতা চাওয়া হয় বলে জানান ইউনিভার্সিটির সহকারী প্রক্টর মাহফুজী সাতার চিটো। এর চেয়ে বেশি ক্যামা ইউনিভার্সিটি কর্তৃপক্ষের নেই বলে তিনি জানান।

ভর্তি পরীক্ষায় প্রায় সম্মানী বিষয়ে তিনি বলেন, ব্যাংক বন্দিদের মাধ্যমেই যাবতীয় বোনদেন হয়। তিনি বলেন, চাকরি বিধিতে কোথাও অ্যাডমিশন টেস্ট নেয়ার দায়িত্ব শিক্ষকদের দেয়া হয়নি। অতিরিক্ত এ কাজের জন্যই এর সম্মানীও এ ব্যত থেকেই নেয়া হয়। গত দুবছর ধরে ফরম বিক্রির প্রাপ্ত আর্থের একটি অংশ ছাত্রকল্যাণ তহবিলে জমা দেয়া হচ্ছে বলেও জানান তিনি।

শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর অজিত কুমার মজুমদার জানান, পরীক্ষার সময় ও পদ্ধতি পরিবর্তনের লক্ষে শিক্ষক সমিতি একটি কমিটি গঠন করেছে। এ সংক্রান্ত দায়িত্ব একাডেমিক কাজিগিলের হাতেও সমিতি সুপারিশ রাখবে বলে জানান তিনি। ভর্তি পরীক্ষা ও ভর্তিতে দুর্নীতি ঠেকাতে প্রচলিত নিয়মে কিছু পরিবর্তন আনা হয়েছে বলে জানান তিনি। বন্দকার মুজাহিদুর রহমান। অনিয়ম-দুর্নীতিতে শিক্ষকদের জড়িয়ে পড়া বিষয়ে তিনি অসহায়ত্ব প্রকাশ করে বলেন, কেউ নীতি-নৈতিকতাহীন হয়ে পড়লে আইন করে তার সঙ্গে কতোদূর পারা যায়।

যায়খায়দিন

তারিখ ... 18 NOV 2007 ...

সিগন  
22